

# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

## বিজ্ঞপ্তি



স্মারক নং: উবি-০৬/২০০৭-১৭০৫৫

তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ  
০৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ

বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ - ১০ম (এসএসসি-২০২৩ ও ২০২২) এবং দ্বাদশ শ্রেণির শ্রেণিকার্যক্রম প্রসঙ্গে।

৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী/পরীক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে, সরকার নির্দেশিত কোভিড-১৯ এর যথাযথ স্বাস্থ্যবিধি মেনে আগামী ২২/০২/২০২২ মঙ্গলবার থেকে গ্রীষ্মকালীন সময়সূচি অনুসারে নিম্নলিখিত ছক মোতাবেক বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম শুরু হবে:

শ্রেণি	বার	আগমনের সময়	শ্রেণিকার্যক্রমের সময়	ছুটির সময়	প্রবেশ ও বাহির
১২শ (এইচএসসি-২০২২)	রবিবার থেকে বৃহস্পতিবার	১০:৩০ মিনিট	১০:৪০ - ০১:২০	০১:২০ মিনিট	২ নং গেইট
১০ম (এসএসসি-২০২২)	রবিবার থেকে বৃহস্পতিবার	০৯:১০ মিনিট	০৯:২০ - ১২:০০	১২:০০ মিনিট	২ নং গেইট
১০ম (এসএসসি-২০২৩)	রবিবার থেকে বৃহস্পতিবার	১০:৩০ মিনিট	১০:৪০ - ০১:২০	০১:২০ মিনিট	২ নং গেইট
৯ম	রবি ও সোম	০৭:৫০ মিনিট	০৮:০০ - ১০:০০	১০:০০ মিনিট	২ নং গেইট
৮ম	বুধ ও বৃহস্পতি				
৭ম	বৃহস্পতিবার				
৬ষ্ঠ	রবিবার				

বি: দ্র:

- শিক্ষার্থীরা উপরিউক্ত বিষয়গুলোর পাশাপাশি নিম্নবর্ণিত বিষয়ের উপর গুরুত্ব আরোপ করবে:
  - বিদ্যালয় কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে আসতে হবে।
  - আগমনের নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সুশৃঙ্খলভাবে বিদ্যালয়ের অভ্যন্তরে প্রবেশ করতে হবে।
  - ছুটির সময় শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের ক্রমানুসারে (রুম নম্বর অনুসারে) নির্ধারিত সিঁড়ি (ছাত্রদের ২নং এবং ছাত্রীদের ৩নং) ব্যবহার করে শিক্ষকের তত্ত্বাবধানে নিচে নামতে হবে।
  - শিক্ষার্থীরা তাদের রোল নম্বর অনুসারে ধারাবাহিকভাবে শ্রেণিকক্ষে আসন গ্রহণ করতে হবে।
  - সর্বোপরি, শিক্ষার্থীদেরকে সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
  - ৭ম - দ্বাদশ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের দুই ডোজ টিকার প্রমাণপত্র সহ শ্রেণিকক্ষে আসতে হবে।
- শিশু - ৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত পূর্বের ন্যায় শুধুমাত্র অনলাইন শ্রেণিকার্যক্রম চলবে।

স্বাক্ষরিত/

জহুরা বেগম

অধ্যক্ষ

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৭০৫৫

তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ  
০৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- শিশুশ্রেণি থেকে দ্বাদশ শ্রেণির সকল শিক্ষার্থী
- সমন্বয়কারীবন্দ